# প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২২৬-আইন/আয়কর/২০১৫।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত (Ordinance) বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ ও ৪ এর বিধান অনুযায়ী যথাক্রমে ঘোষিত ও প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2(20) অনুসারে সংজ্ঞায়িত কোম্পানীকে উক্ত অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত ব্যবসায়িক কার্যক্রম হইতে উদ্ভূত সকল আয়ের উপর প্রদেয় আয়কর হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে অব্যাহতি প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, উক্ত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত কোম্পানীকে–

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সচিব

## প্রজ্ঞাপন

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং **৮১-আইন/আয়কর/২০১৯**।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর subsection (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, উক্ত Ordinance এর section 2 এর clause (20) এ সংজ্ঞায়িত কোনো কোম্পানি কর্তৃক পণ্য বা সেবা উৎপাদনের মাধ্যমে উদ্ভূত সকল আয়ের উপর বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

### শর্তাবলি

(ক) উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে অবস্থিত সংশ্লিষ্ট কোম্পানির কোনো শিল্প ইউনিটকে উক্ত অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর (relocation) করা যাইবে না;

(খ) বাংলাদেশে ইতঃপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলে কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;

(গ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তক্ উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের জন্য পৃথক পৃথক বাণিজ্যিক হিসাব এবং ব্যাংক হিসাব সংরক্ষণ করিতে হইবে;

(ঘ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তক্ উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের মধ্যে কোনো আন্তঃইউনিট লেনদেন সংঘটিত হইলে উক্তরূপ সকল লেনদেনের বিস্তারিত তথ্য উক্ত

কোম্পানির আয়কর রিটার্নের সহিত সংশ্লিষ্ট উপ কর কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে; এবং

(ঙ) সংশ্লিষ্ট কোম্পানিকে উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই বিভাগের ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৮ জুলাই, ২০১৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৬-আইন/আয়কর/২০১৫ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ১০৪-আইন/আয়কর/২০২০।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, উক্ত Ordinance এর section 2 এর clause (20) এ সংজ্ঞায়িত কোনো কোম্পানি কর্তৃক ভোজ্য তেল, চিনি, আটা, ময়দা, সিমেন্ট, লোহা ও লৌহজাতীয় পণ্য ব্যতীত অন্য পণ্য বা সেবা উৎপাদনের মাধ্যমে উদ্ভূত আয়ের উপর বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি**

(ক) উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে অবস্থিত সংশ্লিষ্ট কোম্পানির কোনো শিল্প ইউনিটকে উক্ত অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর (relocation) করা যাইবে না;

(খ) বাংলাদেশে ইতঃপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলে কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;

(গ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের জন্য পৃথক পৃথক বাণিজ্যিক হিসাব এবং ব্যাংক হিসাব সংরক্ষণ করিতে হইবে;

(ঘ) সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উক্ত অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে এবং বাহিরে (যদি থাকে) পরিচালিত শিল্প ইউনিটের মধ্যে কোনো আন্তঃইউনিট লেনদেন সংঘটিত হইলে উক্তরূপ সকল লেনদেনের বিস্তারিত তথ্য উক্ত কোম্পানির আয়কর রিটার্নের সহিত সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে; এবং

(ঙ) সংশ্লিষ্ট কোম্পানিকে উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75, 75A, 108 এবং 108A

অনুযায়ী রিটার্ন, Certificate, বিবরণী বা তথ্য নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই বিভাগ কর্তৃক ২৩ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং- ৮১-আইন/আয়কর/২০১৯ এতদ্দারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।